# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৮১৮

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ যখন কোন ব্যক্তি বেশি বেশি ‘লা হাওলা ওয়ালা কুওওয়াতা ইল্লা বিল্লাহ’ বলবে, জান্নাতে তার জন্য বেশি বেশি গাছ লাগানো হবে

## ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْمَرْءَ كُلَّمَا كَثُرَ تَبَرِّيهِ مِنَ الْحَوْلِ وَالْقُوَّةِ إِلَّا بِبَارِئِهِ كَثُرَ غِرَاسُهُ فِي الجنان

আরবী

818 ـ أَخْبَرَنَا أَبُو يَعْلَى قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ نُمَيْرٍ قَالَ: حَدَّثَنَا الْمُقْرِئُ قَالَ: حَدَّثَنَا حَيْوَةُ بْنُ شُرَيْحٍ قَالَ: أَخْبَرَنِي أَبُو صَخْرٍ أَنَّ عَبْدَ اللَّهِ بْنَ عَبْدِ الرَّحْمَنِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ بْنِ الْخَطَّابِ أَخْبَرَهُ عَنْ سَالِمِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ قَالَ: حَدَّثَنِي أَبُو أَيُّوبَ صَاحِبُ رسول الله صلى الله عليه وسلم إن رسول الله صلى الله عليه وسلم ليلة أُسري بِهِ مَرَّ عَلَى إِبْرَاهِيمَ خَلِيلِ الرَّحْمَنِ فَقَالَ إِبْرَاهِيمُ لِجِبْرِيلَ: مَنْ مَعَكَ يَا جِبْرِيلُ؟ قَالَ جِبْرِيلُ: هَذَا مُحَمَّدٌ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ إِبْرَاهِيمُ: يَا مُحَمَّدُ مُرْ أُمَّتَكَ أَنْ يُكْثِرُوا غِرَاسَ الْجَنَّةِ فَإِنَّ تُرْبَتَهَا طَيِّبَةٌ وَأَرْضُهَا وَاسِعَةٌ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لِإِبْرَاهِيمَ:
(وَمَا غِرَاسُ الْجَنَّةِ)؟ قَالَ: لا حول ولا قوة إلا بالله.
الراوي : أَبُو أَيُّوبَ االمحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 818 | خلاصة حكم المحدث: صحيح لغيره.

বাংলা

৮১৮. আবূ আইয়ূব রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে যখন ইসরার রাতে নৈশ ভ্রমন করানো হয়, তখন তিনি আল্লাহর বন্ধু ইবরাহিম আলাইহিস সালাম এর সাথে সাক্ষাৎ করেন, এসময় জিবরীল আলাইহিস সালাম ইবরাহিম আলাইহিস সালামকে বলেন, “হে জিবরীল আলাইহিস সালাম, আপনার সাথে কে?” জবাবে জিবরীল আলাইহিস সালাম বলেন, “ইনি মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম।” তখন ইবরাহিম আলাইহিস সালাম বলেন, “হে মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আপনি

আপনার উম্মাতকে বলুন, তারা যেন যেন বেশি বেশি জান্নাতের বৃক্ষ রোপন করেন। কারণ জান্নাতের মাটি খুবই পবিত্র আর এর ভূমিও অনেক বিস্তৃত।” তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইবরাহিম আলাইহিস সালামকে বলেন, “জান্নাতের বৃক্ষ রোপন দ্বারা কী উদ্দেশ্য? জবাবে তিনি বলেন, “لا حول ولا قوة إلا بالله (পাপকাজ থেকে বিরত থাকার কোন সামর্থ নেই আল্লাহ ছাড়া আর কোন ভাল করারও শক্তি নেই আল্লাহ ছাড়া)”[1]

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৫/৪১৮; মুনযিরী, আত তারগীব ওয়াত তারহীব: ২/৪৪৫; হাইসামী, মাজমা‘উয যাওয়াইদ: ১০/৯৭।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ লিগাইরিহী বলেছেন। (আস সহীহাহ: ১০৫।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ আইয়ুব আনসারী (রাঃ)

🔗 Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89321

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন